গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.১৮.০১৯.২০১৩-২৭

তারিখ: ২৭ পৌষ ১৪২৭ / ১১ জানুয়ারি ২০২১

বিষয়: গাজীপুর সিটি কর্পোরেশনস্থ ৫৬নং ওয়ার্ডভুক্ত হাফিজ উদ্দিন ব্যাপারী রোড এর সংস্কার প্রসংগে।

সূত্র : জনাব খালেদ মাহমুদ, ব্যবস্থাপক, বেপজা এর ২৭/১২/২০২০ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জনাব খালেদ মাহমুদ, ব্যবস্থাপক, বেপজা কর্তৃক প্রেরিত আবেদনখানা এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। আবেদনটির বিষয়ে বিধি মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

১১.০১.২০২১

নুমেরী জামান
উপসচিব
ফোন: ৯৫৫৪৬৫৮
ই-মেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
গাজীপুর সিটি কর্পোরেশন।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। জনাব খালেদ মাহমুদ, ব্যবস্থাপক, (বিনিয়োগ উন্নয়ন), বেপজা (প্রধানমন্ত্রীর কার্যালয়), ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

নম্বর ৮৬২ তারিখ ০৫/১/২১
১। উপ-সচিব-সিঃ কঃ-১
২। উপ-সচিব সিঃ কঃ-২
০৪.০১.২১
যুগ্ম সচিব (নঃউঃ-১)

২৬৭

তারিখ: ডিসেম্বর ২৭, ২০২০

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নম্বরঃ.....
তারিখঃ ৩০/১২/২০২০ স্বাক্ষর

সিনিয়র সচিব
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: **গাজীপুর সিটি কর্পোরেশনস্থ ৫৬নং ওয়ার্ডভূক্ত হাফিজ উদ্দিন ব্যাপারী রোড এর সংস্কারে জনদূর্ভোগ নিরসনে উদ্যোগ গ্রহন প্রসঙ্গে।**

শ্রদ্ধেয় মহোদয়

উর্পযুক্ত বিষয়ে আলোকে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমরা গাজীপুর সিটি কর্পোরেশনস্থ ৫৬নং ওয়ার্ডভূক্ত হাফিজ উদ্দিন ব্যাপারী রোড এর বাসিন্দা। প্রায় ৫,০০০ লোকের বসতি সমেত এলাকাটিতে গত ১০ বছর যাবৎ কোন প্রকার উন্নয়ন কার্যক্রম হয়নি। ফলশ্রুতিতে রাস্তার বেহাল অবস্থা, জলাবদ্ধতা, অনিরাপদ ও অপ্রতুল পানি সরবরাহ সহ নানা প্রকার সমস্যা ছিল নিত্য দিনের সংগী। সমস্যা সমূহ নিরসনে স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর জনাব আবুল হোসেন (মোবাইল: ০১৭১১৬০৩৫২৭) উদ্যোগ গ্রহণ করলে চলতি বছরের মার্চ মাসে আধা কিলোমিটারের কম দৈর্ঘ্য বিশিস্ট রাস্তাটির সংস্কার কাজ যেমন: ড্রেন তৈরী ও রাস্তা ঢালাই কার্যক্রম শুরু হয়। কিন্তু অত্যন্ত দু:খের সাথে জানানো যাচ্ছে যে, গত ১০ মাসে কাজটির প্রায় দশ শতাংশ কাজও শেষ হয়নি। কাজটির অব্যবস্থাপনাজনিত কিছু ছবি আপনার সদয় অবগতির জন্য সংযুক্ত করা হলো (০৬ টি ছবি)।

প্রসঙ্গত উল্লেখ্য যে, শুরু হতে ঠিকাদার কর্তৃক কাজটি সম্পন্নকরনে চরম উদাসীনতা পরিলক্ষিত হচ্ছে। কর্মরত শ্রমিকদের সাথে কথা বলে জানা যায়, ঠিকাদার কর্তৃক দিন শেষে মজুরী না দেয়া, সঠিক দিক নির্দশনা না পাওয়া, ঠিকাদার প্রতিনিধির উদাসিনতা, ক্ষমতার অপব্যবহার সহ বিবিধ কারনে শ্রমিকগণ কাজে আসলেও কাজ করতে পারে না। ফলশ্রুতিতে, সংস্কার কাজটিতে দীর্ঘসূত্রিতা ও অব্যস্থাপনার ফলাফল দৃশ্যমান। পরিণতিতে এলাকাবাসীর স্বাভাবিক জনজীবন জনদূর্ভোগে রুপ নিয়েছে। এহেন পরিস্থিতিতে, এলাকার কাউন্সিলরের সহিত আমরা এলাকাবাসি একাধিবার যোগাযোগ করি। কাউন্সিলর বিষয়টি নিয়ে ঠিকাদারের সহিত মোবাইল মারফত যোগাযোগ করে অবস্থা জানালেও অবস্থার কোন প্রকার উন্নতি পরিলক্ষিত হয়নি।

A10
P/S.PUFUP
০৫.০১.২০২০

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ৩০/১২/২০
নম্বর ২৭৩০

সিটি কর্পোরেশন-২ শাখা
ডায়েরী নং ১৯
তারিখ ঃ ৬/১/২১

নম্বর নং ১ তারিখ ৬/১/২১
১। যুগ্ম-সচিব (নঃউঃ-১)
২। যুগ্ম-সচিব (নঃউ-২)
৩। উপ-সচিব (সিঃকঃ১/২)
৪। উপ-সচিব (পৌর-১/২)
অতিরিক্ত সচিব (নঃউঃ)

মহোদয় আপনার সদয় অবগতির জন্য আরোও উল্লেখ করছি যে, এলাকাটিতে বর্তমানে সংস্কার কাজের বেহাল অবস্থার কারনে বিভিন্ন ভবন ঝুকির মধ্যে রয়েছে, সুপেয় পানির অভাবে প্রতি বাড়ীতে পেটের পীড়াজনিত রোগী বিদ্যমান, গ্যাস সংযোগ লাইন সমূহ ক্ষতি গ্রস্থ হওয়া সহ বিভিন্ন সমস্যা তীব্র আকার ধারণ করেছে। তাছাড়া রাস্তাটি টঙ্গী-কালীগঞ্জ-সিলেট মহাসড়ক এবং টঙ্গী বাজারের মধ্যে বাইপাস সড়ক হিসেবে পূর্ব হতে ব্যবহৃত হয়ে আসছিল। কিন্তু বর্তমানে বাইপাস সড়কটি ব্যবহার অনুপযুক্ত হওয়ায় মহাসড়কটিতে প্রায়শই জানজট বিদ্যমান থাকে।

এমতাবস্থায়, মহোদয়ের নিকট আকুল আবেদন **গাজীপুর সিটি কর্পোরেশনস্থ ৫৬ নং ওয়ার্ডভুক্ত হাফিজ উদ্দিন ব্যাপারী রোড**টির সংস্কার কাজ দ্রুততার সাথে সম্পন্নকরনের লক্ষ্যে সংশ্লিষ্ঠ কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা ও কার্যকর ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে এলাকাবাসীর পক্ষে আপনার সুদৃষ্টি একান্তভাবে কামনা করছি।

বিনীত নিবেদক,

K. Mahmud
27.12.2020

(খালেদ মাহমুদ)
ব্যবস্থাপক (বিনিয়োগ উন্নয়ন)
বেপজা (প্রধান মন্ত্রীর কাযালয়)
মোবাইল: ০১৭৩৬৬৫৫৫৫৬


মাদরাসা